দৈনিক ইত্তেফাক

তারিখ ..15 NOV 1991. ...
পৃষ্ঠা... ..৩... কলাম...

# 'বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানকে উৎসাহিত করুন'

ইত্তেফাক রিপোর্ট ।। শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার দেশে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান গড়িয়া তোলার ক্ষেত্রে উৎসাহ প্রদানের জন্য সকলকে আহ্বান জানাইয়াছেন। বুধবার সাভারস্থ

(৫ম পৃঃ দ্রঃ)

## বেসরকারী শিক্ষা

(৩য় পৃঃ পর)

বেসরকারী বিশ্ববিদ্যালয় দারুল ইহসান আয়োজিত ইসলামী শিক্ষা বিষয়ক গবেষণা কোর্সের সনদ-পত্র বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন-কালে শিক্ষামন্ত্রী এই আহ্বান জানান। দারুল ইহসান বিশ্ববিদ্যা-লয়ের চ্যান্সেলর, আন্তর্জাতিক সাহায্য সংস্থা রাবেতা আলমে ইসলামীর মহাসচিব ডঃ আবদুল্লাহ ওমর নাসিবের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সনদপত্র বিতরণী অনুষ্ঠানে দারুল ইহসান ট্রাষ্টের সদস্য প্রাক্তন সৌদি মন্ত্রী শেখ আহাম্মদ সালাহ জামজুম, ডঃ মুহাম্মদ আবদুহ ইয়েমানী, বিশ্ববিদ্যালয়ের রেক্টর ও ইহসান ট্রাষ্টের পরিচালক প্রফেসর সৈয়দ আলী আশরাফ বক্তৃতা করেন।

শেখ আহাম্মদ সালাহ জামজুম বলেন, 'আমরা আশাকরি দারুল ইহসান বিশ্ববিদ্যালয় ইসলামী শিক্ষার ক্ষেত্রে নতুন দিগন্তের সূচনা করিবে'। ডঃ মুহাম্মদ আবদুহ ইয়েমানী বলেন, ইসলামী শিক্ষাকে উৎসাহিত করা প্রতিটি মুসলমানের দায়িত্ব।

ডঃ আবদুল্লাহ ওমর নাসিব বলেন, ইসলামকে উর্ধে তুলিয়া ধরার জন্য সারাবিশ্বে মুসলিম ঐক্য প্রয়োজন।

উল্লেখ্য, দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের সার্বিক কর্মকাণ্ড এখনও শুরু হয় নাই। সাভারের বালিভদ্র গ্রামে প্রায় ৪৩ বিঘা জমির উপর এই বিশ্ববিদ্যালয়ের ভবন নির্মাণ করা হইবে। ইতিমধ্যে ক্যাম্পাসে একটি মসজিদ নির্মাণ করা হইয়াছে। কর্তৃপক্ষ জানান, মোহাম্মদপুরে একটি ভাড়া বাড়ীতে বিশ্ববিদ্যা-লয়ের প্রশাসনিক কাজকর্ম সম্পাদন করা হয়।

১৭